তারিখ 23 NOV 1988
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

দৈনিক সংবাদ

২৮

# সকল শিক্ষা প্রতিষ্ঠানে উৎপাদন দামে কাগজ সরবরাহ করা হবে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

বাংলাদেশ রসায়ন শিল্প সংস্থা (বিসিআইসি) দেশের সকল বিশ্ববিদ্যালয়ে ও পর্যায়ক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠানে উৎপাদন দামে কাগজ সরবরাহ করবে। আগামী এক সপ্তাহের মধ্যে এ সম্পর্কে ঘোষণা দেয়া হবে।

(১১-এর পাতায় দেখুন)

## সকল শিক্ষা প্রতিষ্ঠান

(১ম পাতার পর)

সব ধরনের কাগজের দাম কমানোর দাবীতে বাংলাদেশ ছাত্র ইউনিয়নের পক্ষ থেকে বিসিআইসি কর্তৃপক্ষের কাছে স্মারকলিপি দেয়ার সময় উভয়-পক্ষের মধ্যে অনুষ্ঠিত বৈঠকে এ প্রতিশ্রুতি দেয়া হয়। বিসি আইসি'র চেয়ারম্যান তোহা খান-সহ অন্যান্য কর্মকর্তা বৈঠকে উপস্থিত ছিলেন।

কাগজের দাম কমানোর দাবীতে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন এবং জাতীয় ছাত্রলীগের আহ্বানে গতকাল বুধবার যুগপৎভাবে বিক্ষোভ সমাবেশ ও মিছিলের কর্মসূচী পালিত হয়েছে। সারা-দেশেই এ কর্মসূচী আহ্বান করা হয়েছিল।

ছাত্র ইউনিয়ন ঘোষিত 'শিক্ষা বাঁচাও, জাতি বাঁচাও' কর্মসূচীর অংশ হিসেবে গতকাল সমাবেশ, মিছিল ছাড়াও ঢাকায় বিসিআইসি অফিসের সামনে অবস্থান ধর্মঘটও অনুষ্ঠিত হয়। কর্তৃপক্ষের সাথে বৈঠকের পর অনুষ্ঠিত এক সমা-বেশে নেতৃবৃন্দ বলেন, দাবী মেনে নেয়া না হলে আগামী ১০ই ডিসেম্বর কর্ণফুলী, খুলনা ও পাকশী, কাগজকল ঘেরাও করা হবে।